

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। যত যাগ-যজ্ঞ ছিল, তাহা অযোগ্য হ'ল,
 হরি নাম সংকীৰ্ত্তন মহাযজ্ঞে, সবে মাতিল।
 যাহা পঞ্চ জনার বাঞ্ছা ছিল, পুরাতে এসেছে সাঁই।।
- ৫। গোঁসাই তারকচন্দ্র কয়, হ'ল হরিচাঁদ উদয়,
 অশ্বিনী তোর কিসের শঙ্কা গেল ভব ভয়।
 দয়াল মহানন্দ আছে সহায়, তিনিই সেই দয়াল নিতাই।।

১৩৩ নং তাল-গড়খেমটা

উত্তাল তরঙ্গ দরিয়ায়, ডুব দেরে প্রেমের গোলায়,
 এবার (ঝাঁপ দেরে প্রেমের গোলায়)।।

- ১। কলিযুগ ধন্য জীবের ঘুচাইতে দৈন্য,
 ওড়াকান্দি অবতীর্ণ হরি চৈতন্য।
- ২। হরি প্রেম মদে হওরে ভোর, নেশা ছুটেবে নারে তোর,
 হরিনামের গাঁজা খেয়ে হওরে নেশাখোর।
 মহাভাবে হ'য়ে বিভোর, ডুবে থাকরে সদায়।।
- ৩। মহাভাবের মাতাল হও, সদায় হরি গুণ গাও,
 সাধুর দোকানে, ভক্তি রতন কিনে লও।
 গুরু চিন্তা চন্দন অঙ্গে মাখাও, সাধুর বাতাস লাগবে গায়।।
- ৪। বড় সযোগ পেয়েছে, কেন বসে রয়েছে,
 হরি ব'লে বাহু তুলে আনন্দে নাচ।
 হরি ভক্তের কাছে প্রেমধন যাচ, দিবে প্রেম তুলে হৃদয়।।
- ৫। দয়াল নিতাই চাঁদ যিনি, মহানন্দ চাঁদ তিনি,
 সেই বুঝি নগরে এসে দেয় হরিধ্বনি।
 এবার ডুবাইল ধনী মানী, অশ্বিনী ডুবিল না তায়।।